# 2018

## CBCS

## 1st Semester

## BENGALI

### PAPER—GE1T

### (Honours)

*Full Marks : 60*

*Time : 3 Hours*

*The figures in the right-hand margin indicate full marks.*

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*Illustrate the answers wherever necessary.*

### Paper–GE-1T(A)

### ক—বিভাগ

যেকোনো *দশটি* প্রশ্নের উত্তর দাও। ১০×২

১। নৃতাত্ত্বিকদের মতে ভারতের প্রথম জনধারা কোনটি? তাদের আদি বাসভূমি কোথায় ছিল?

২। প্রাচীন বাংলার দুটি প্রদেশের নামোল্লেখ করো।

৩। যে কোনো দু-টি প্রাচীন লিপিলেখর নাম করো যেখান থেকে বাঙালির সাজসজ্জা সম্পর্কে জানা যায়?

৪। প্রাচীন কালের বাঙালির প্রধান পরিধেয় কি ছিল?

৫। বাঙালি জীবনে পালিত হয় এমন দুটি ব্রতের নাম লেখো।

৬। বাংলাদেশের গীতাকাগুলি মূলত কোন অঞ্চল থেকে সংগৃহীত হয়েছে? সংকলকের নামোল্লেখ করো।

৭। প্রবাদ কাকে বলে দৃষ্টান্ত সহ লেখো।

৮। বাঙালির দুটি সামাজিক-সংস্কারের উল্লেখ করো।

৯। লোককথার যে কোনো দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

১০। 'গম্ভীরা' কী?

১১। প্রাচীন বাংলায় ব্যবহৃত নারী-পুরুষের চারটি অলংকারের নাম লেখো।

১২। বাঙালির প্রধান-উৎসব কী? তার বিবরণ আছে এমন একটি প্রাচীন গ্রন্থের নাম লেখো।

১৩। ব্যালাড ও গীতিকার মধ্যে একটি সাদৃশ্য ও একটি বৈসাদৃশ্য উল্লেখ করো।

১৪। যে কোনো দুটি বাঁধার উল্লেখ করো।

১৫। লোকনাটক কী?

## খ—বিভাগ

যেকোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও। ৪ × ৫

১৬। 'বাঙালি একটি সংকর জাতি'—এ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

১৭। টীকা লেখো (যে কোনো *একটি*) : প্রবাদ, গীতিকা।

১৮। প্রাচীন বাংলা খাদ্যাভ্যাস সম্পর্কে সংক্ষেপে লেখো।

১৯। লোক সাহিত্য বলতে কী বোঝ? লোক সাহিত্যের তিনটি বৈশিষ্ট্যের উল্লেখ করো।

২০। প্রাচীন বাঙালির ধর্মীয় পরিচয় দাও।

২১। ছড়া বলতে কী বোঝায়? ছড়ার তিনটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

## গ—বিভাগ

যেকোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও। ২×১০

২২। বাঙালি জাতির নৃতাত্ত্বিক পরিচয় পর্যালোচনা করো।

২৩। প্রাচীন ও মধ্যযুগের বাঙালির উৎসব-অনুষ্ঠানের বিবরণ দাও।

২৪। বাংলার দুটি লোকনাটক সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

২৫। বাংলা লোকগীতির বৈচিত্র্য সম্পর্কে আলোচনা করো।

———

## Paper–GE-1T(B) Or

### ক—বিভাগ

যেকোনো *দশটি* প্রশ্নের উত্তর দাও। ১০×২

১। ইন্দো-ইউরোপীয় ভাষা বংশের অর্ন্তগত দুটি ভাষার নাম লেখো যে গুলিতে সাহিত্য রচিত হয়েছে?

২। ইন্দো-ইউরোপীয় ভাষাভাষীদের আদি বাসস্থান বিষয়ে মতগুলি উল্লেখ করো।

৩। দ্রাবিড় বংশের অন্তর্গত দুটি ভাষার নাম লেখো।

৪। 'আর্য' শব্দটি কিভাবে এসেছে? শব্দটির অর্থ লেখো।

৫। 'হিত্তীয়' ভাষার প্রাচীনতম নিদর্শন কোথায় কী অবস্থায় পাওয়া গিয়েছে?

৬। মধ্য ভারতীয় আর্য ভাষার সময়সীমা উল্লেখ করো।

৭। প্রাচীন বাংলা ভাষার দুটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

৮। অন্ত্যমধ্য বাংলা ভাষার সময় সীমা উল্লেখ করো।

৯। আধুনিক বাংলা ভাষার দুটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য উল্লেখ করো।

১০। কামরূপী উপভাষার প্রচলন ক্ষেত্রের নাম লেখো।

১১। অনুনাসিক স্বরধ্বনির ব্যাপক ব্যবহার আছে, এমন উপভাষাটির দুটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

১২। টীকা লেখো : বিমিশ্রণ।

১৩। 'মন্দির' শব্দটির আদি অর্থ কি ছিল? সেই অর্থে প্রযুক্ত একটি বৈষ্ণব পদ-পংক্তির উল্লেখ করো।

১৪। অর্থানুগ ধ্বনিপরিবর্তনের দুটি সূত্রের উল্লেখ করো।

১৫। আগন্তুক বা কৃতঋণ শব্দ কাকে বলে?

## খ-বিভাগ

যেকোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও। ৪ × ৫

১৬। বাংলা শব্দ ভাণ্ডারের অর্ন্তগত মৌলিক বা নিজস্ব শব্দের পরিচয় দাও।

১৭। অন্ত্য মধ্য বাংলার পাঁচটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

১৮। শব্দার্থ পরিবর্তনের দুটি ধারার পরিচয় দাও।

১৯। ধ্বনি পরিবর্তনের পাঁচটি কারণ লেখো।

২০। ধ্বনির আগম ও ধ্বনি লোপ কী ? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

২১। ইন্দো-ইউরোপীয় ভাষা বংশের অন্তর্গত গ্রীক ও জার্মানিক শাখার সংক্ষিপ্ত পরিচয় দাও।

## গ—বিভাগ

যেকোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও। ২×১০

২২। প্রাচীন ভারতীয় আর্যাস্তর থেকে কীভাবে বাংলা ভাষার জন্ম হয়েছিল তার ইতিবৃত্ত সংক্ষেপে আলোচনা করো।

২৩। গঠন অনুসারে বাংলা বাক্যকে কয়টি ভাগে ভাগ করা যায় ? প্রত্যেকটি ভাগের পরিচয় দাও।

২৪। প্রাচীন বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো।

২৫। রাঢ়ী উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো।

---